

কেন গো সে মোরে যেন করে না বিশ্বাস ।  
 কেন গো বিষণ্ণ আঁখি                      আমি যবে কাছে থাকি,  
 কেন উঠে মাঝে মাঝে                      আকুল নিশ্বাস ।  
 আদর করিতে মোরে চায় কতবার,  
 সহসা কী ভেবে যেন ফেরে সে আবার ।  
 নত করি দুনয়নে                      কী যেন বুঝায় মনে,  
 মন সে কিছুতে যেন পায় না আশ্বাস ।  
 আমি যবে ব্যগ্র হয়ে ধরি তার পাণি  
 সে কেন চমকি উঠি লয় তাহা টানি ।  
 আমি কাছে গেলে হয়                      সে কেন গো সরে যায় —  
 মলিন হইয়া আসে অধর সহাস ॥

---

Parjaay: Prem O Prakriti, Taal: Ektaal, Raag: Mishra Chhayanaat  
 Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail